

া সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৭৩০৭

৯৬/ কুরআন ও সুন্নাহকে শক্তভাবে ধরে থাকা (کتاب الاعتصام بالکتاب والسنة) পরিচ্ছেদঃ ৯৬/৭. মনগড়া মত ও ভিত্তিহীন কিয়াস নিন্দনীয়।

بَابِ مَا يُذْكَرُ مِنْ ذَمِّ الرَّأْيِ وَتَكَلُّفِ الْقِيَاسِ

আরবী

سَعِيدُ بْنُ تَلِيدِ حَدَّثَنِي ابْنُ وَهْبِ حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ شُرَيْحٍ وَغَيْرُهُ عَنْ أَبِي الْأَسْوَدِ عَنْ عُرُوةَ قَالَ حَجَّ عَلَيْنَا عَبْدُ اللهِ بْنُ عَمْرٍ فَسَمِعْتُهُ يَقُولُ سَمِعْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم يَقُولُ إِنَّ اللهَ لاَ يَنْزِعُ الْعِلْمَ بَعْدَ أَنْ أَعْطَاكُمُوهُ انْتِزَاعًا وَلَكِنْ يَنْتَزِعُهُ مِنْهُمْ مَعَ قَبْضِ الْعُلَمَاءِ بِعِلْمِهِمْ فَيَبْقَى نَاسٌ جُهَّالٌ يُسْتَفْتَوْنَ فَيُفْتُونَ بِرَأْيِهِمْ فَيُضِلُّونَ وَيَضِلُّونَ فَيَضِلُّونَ فَيَضِلُونَ فَيَحْدُنْتُ بِهِ عَائِشَةَ زَوْجَ النَّبِيِ صلى الله عليه وسلم ثُمَّ إِنَّ عَبْدَ اللهِ بْنَ عَمْرٍ و حَجَّ بَعْدُ فَعَلَاتُ عَائِشَةَ نَوْجَ اللهِ فَاسْتَثْبِتْ لِي مِنْهُ الَّذِي حَدَّثَتَنِي عَنْهُ فَجِئْتُهُ فَعَلَاتُ وَاللهِ لَقَدْ فَعَالُتُ وَاللهِ لَقَدْ عَبْدُ اللهِ بْنُ عَمْرٍ و

বাংলা

(وَلاَ تَقْفُ) لاَ تَقُلْ (مَا لَيْسَ لَكَ به علْمٌ).

আর আল্লাহর বাণীঃ যে বিষয়ে তোমার কোন জ্ঞান নেই, তার অনুসরণ করো না....। (সূরাহ বানী ইসরা ১৭/৩৬)

৭৩০৭. 'উরওয়াহ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, 'আবদুল্লাহ্ ইবনু 'আমর (রাঃ) আমাদের এ দিক দিয়ে হাজে যাচ্ছিলেন। আমি শুনতে পেলাম, তিনি বলেছেন যে, আমি নবী সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, আল্লাহ্ তোমাদেরকে যে ইল্ম দান করেছেন, তা হঠাৎ ছিনিয়ে নেবেন না বরং উলামাগণকে তাদের ইলমসহ ক্রমশ তুলে নেয়ার মাধ্যমে তা ছিনিয়ে নেবেন। তখন কেবল মূর্খ লোকেরা অবশিষ্ট থাকবে। তাদের কাছে ফাত্ওয়া চাওয়া হবে। তারা মনগড়া ফাত্ওয়া দেবে। ফলে নিজেরাও পথভ্রষ্ট হবে, অন্যদেরকেও পথভ্রষ্ট করবে। 'উরওয়াহ (রাঃ) বলেন, আমি এ হাদীসটি নবী সাল্লাল্লাহ্থ আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রী 'আয়িশাহ (রাঃ)-কে বললাম।



তারপর 'আবদুল্লাহ্ ইবনু আমর (রাঃ) আবার হাজ্জ করতে এলেন। তখন 'আয়িশাহ (রাঃ) আমাকে বললেন, হে ভাগ্নে! তুমি 'আবদুল্লাহর কাছে যাও এবং তার থেকে যে হাদীসটি তুমি আমাকে বর্ণনা করেছিলেন, তা তাঁর নিকট থেকে যাচাই করে আস। আমি তাঁর নিকট গেলাম এবং জিজ্ঞেস করলাম। তিনি আমাকে ঠিক সে রকমই বর্ণনা করলেন, যেরকম আগে বর্ণনা করেছিলেন। আমি 'আয়িশাহ (রাঃ)-'র কাছে ফিরে এসে তাকে জানালাম। তিনি আশ্চর্য হয়ে গেলেন এবং বললেন, আল্লাহর কসম! 'আবদুল্লাহ্ ইবনু আমর (রাঃ) মনে রেখেছে। [১০০০] (আধুনিক প্রকাশনী- ৬৭৯৭, ইসলামিক ফাউন্ডেশন- ৬৮০৯)

English

Narrated `Abdullah bin `Amr:

I heard the Prophet () saying, "Allah will not deprive you of knowledge after he has given it to you, but it will be taken away through the death of the religious learned men with their knowledge. Then there will remain ignorant people who, when consulted, will give verdicts according to their opinions whereby they will mislead others and go astray."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উরওয়াহ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন